107

দৈনিক জনকণ্ঠ

তারিখ 28 APR 1998
পৃষ্ঠা ১২ কলাম 2

# বছরে হাজার মহিলা শিক্ষক নিয়োগ প্রকল্প বাস্তবায়নে সৃষ্টি হয়েছে প্রতিবন্ধকতা

**স্টাফ রিপোর্টার॥** বছরে এক হাজার মহিলা শিক্ষক নিয়োগের লক্ষ্যে যে প্রকল্প গ্রহণ করা হয়েছিল তা বাস্তবায়নে সৃষ্টি হয়েছে নানা প্রতিবন্ধকতা। ইতোমধ্যে এটি সরকারের কাছে ধীর অগ্রগতিসম্পন্ন একটি প্রকল্প হিসাবে চিহ্নিত হয়েছে।

জানা যায়, 'গ্রামীণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে মহিলা শিক্ষক নিয়োগ প্রকল্প'-এর আওতায় বছরে এক হাজার শিক্ষিকা নিয়োগের কথা। কিন্তু শিক্ষিকা নিয়োগের জন্য রাজস্ব বাজেটের আওতায় পদ সৃষ্টি এবং এমপিওভুক্তিতে জটিলতার কারণে প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না। প্রকল্প মেয়াদকালে মহিলা শিক্ষক নিয়োগের জন্য রাজস্ব বাজেটে পদ সৃষ্টির অপেক্ষা করায় এটির লক্ষ্য ব্যাহত হচ্ছে।

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভায় আলোচ্য প্রকল্পের ধীর অগ্রগতির জন্য অসন্তোষ প্রকাশ করা হয়। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সচিব সভায় "গ্রামীণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে মহিলা শিক্ষক নিয়োগ প্রকল্প'-এর ত্রুটি তুলে ধরেন। এ সভার সভাপতি ডঃ মহীউদ্দিন খান আলমগীর বিদ্যমান বিধি অনুযায়ী প্রকল্পের আওতায় সাকল্য বেতনে মহিলা শিক্ষক নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে পরামর্শ দেন।